

প্রযুক্তির অগ্রযাত্রার সুফল আমাদের দেশেও চলে এসেছে। জিপিআরএস ও এজ মোবাইল ফোন নির্ভর এই আধুনিক প্রযুক্তি ইন্টারনেটকে নিয়ে যাচ্ছে দেশের প্রত্যন্ত অঞ্চলে। জিপিআরএস ও এজ প্রযুক্তির বিস্তারিত নিয়ে

লিখেছেন- **মেহেদী হাসান সুমন**

জিপিআরএস-এজ
একুশ শতকের জীবনধারা

একুশ শতকে বদলে গেছে চলমান জীবনধারা। প্রযুক্তির উৎকর্ষতা আজকাল আমাদের স্বপ্ন মনে হয়। যেন কোনো সায়েন্সফিকশনের জগতে আমাদের বসবাস। হাতের ছোট মুঠোফোন দিয়েই আমরা ইন্টারনেটের বর্ণিল ও তথ্যময় মহাসমুদ্রে যুক্ত হতে পারি। জিপিআরএস ও এজ প্রযুক্তিতে মোবাইল ফোনকেই ইন্টারনেট ব্যবহারের মাধ্যম হিসেবে ব্যবহার করা যাবে।

জিপিআরএস

জিপিআরএসের পূর্ণরূপ হচ্ছে জেনারেল প্যাকেট রেডিও সার্ভিস। এ দেশের মোবাইল অপারেটরদের মধ্যে সিটিসেল ছাড়া অন্য সবাই জিএসএম প্রযুক্তি ব্যবহার করে। এতোদিন গ্রাহকরা ২য় প্রজন্মের মোবাইলে ভয়েস ও টেক্সট মেসেজিং সেবা পেতেন। জিপিআরএস হলো ২য় ও ৩য় প্রজন্মের মোবাইল সার্ভিসের মাঝামাঝি পর্যায়। একে ২.৫ প্রজন্মের মোবাইল সার্ভিস হিসেবে চিহ্নিত করা হয়। জিপিআরএস ভয়েসের পাশাপাশি মাল্টিমিডিয়া মেসেজিং ও পূর্ণাঙ্গ ইন্টারনেট সেবা নিশ্চিত করবে। গত ১৮ জুন থেকে বাংলাদেশের সব একটেল পোস্ট পেইড গ্রাহক সম্পূর্ণ বিনামূল্যে এই সেবা গ্রহণ করতে পারছেন। এ প্রযুক্তি সম্পর্কে একটেলের সিনিয়র সিস্টেম এনালিস্ট মোঃ আমিনুল ইসলাম বেগ বলেন, 'জিপিআরএস হচ্ছে জিএসএম নেটওয়ার্ক সাপোর্টেট একটি স্পেশাল ডেটা সার্ভিস। আর এই ডেটা সার্ভিসে মাল্টিমিডিয়া মেসেজিং এবং ইন্টারনেট অন্তর্ভুক্ত থাকবে। বাংলাদেশে একটেলই সর্বপ্রথম গ্রাহকদের এই সেবা দিচ্ছে।'

পুরো বিশ্ব সঙ্গে যখন

জিপিআরএস ব্যবহার করে পূর্ণাঙ্গ ইন্টারনেট ব্রাউজিং এমএমএস, লাইভ চ্যাটিং, এনিমেটেড গ্রেটিংস, ইমেজ ও ভিডিও ফাইল সেন্ড, ইউজার টু ইউজার অনলাইন গেম খেলা যাবে। মোট কথা, ইন্টারনেট দিয়ে যা কিছু করা সম্ভব তার সবই করা যাবে জিপিআরএস দিয়ে। এই প্রযুক্তিতে মোবাইলকে মডেম হিসেবে ব্যবহার করে কম্পিউটারেও ইন্টারনেটও ব্রাউজ করা যাবে।

জিপিআরএস- যা প্রয়োজন

এই সার্ভিস ব্যবহার করার জন্য প্রথমেই দরকার একটি জিপিআরএস এনবল্ড মোবাইল সেট। এই সেটে ডাব্লিউএমএল এবং ওয়াপ সাপোর্ট থাকতে হবে। আর মেমোরি যত বেশি থাকবে ততই ভালো। এ ছাড়া এমএমএস ও ইএমএস করার অপশন তো থাকতেই হবে। তবে সাধ্যের মধ্যে থাকলে কিনে নিতে পারেন একটি পিডিএ। কারণ পিডিএ ব্যবহার করে যে কোনো স্থানে থেকেই, সবসময় ইন্টারনেট ব্যবহার করা যাবে। পিডিএ কেনার সময় লক্ষ্য রাখবেন এটিতে মোবাইল সিম সেট করার অপশন আছে কিনা এবং এটি জিপিআরএস এনাবল্ড কিনা।

বিলিং

এই প্রযুক্তি ব্যবহারের খরচাপাতি সম্পর্কে জনাব বেগ জানান, 'জিপিআরএসের বিলিং বিভিন্নভাবে হতে পারে। এটি হতে পারে ওয়াপ অথবা ইন্টারনেট ব্যবহারকালীন সময়নির্ভর, ডেটা ভলিউম নির্ভর, অথবা গ্রাহকদের জন্য একটি মাসিক একসেস ফিও নির্ধারণ করা হতে পারে। এটি এখনও একটেল চূড়ান্ত করেনি। আর এমএমএসের ক্ষেত্রেও প্রতিটি মেসেজের জন্য এসএমএসের মতো একটি নির্দিষ্ট টাকা নেওয়া হতে পারে অথবা এমএসএস ডেটা ভলিউমের উপরও চার্জ ধার্য করা হতে পারে।'

বর্তমানে বিশ্বের বিভিন্ন দেশেই জিপিআরএস সেবা চালু রয়েছে। দেরিতে হলেও আমরা এখন এই সেবাটি পাচ্ছি।

গ্রামীণফোন নিয়ে এলো এজ

গ্রামীণফোন লিঃ বাংলাদেশে প্রথমবারের

'গ্রামীণফোন সব সময়ই গ্রাহকদের নতুন ও যুগোপযোগী সেবা দিতে সচেষ্ট। সেই ধারাবাহিকতায় চালু হয়েছে এজ সার্ভিস

- সৈয়দ ইয়ামিন বখ্ত

জেনারেল ম্যানেজার (তথ্য), গ্রামীণফোন

মতো নিয়ে এলো দ্রুত গতির মোবাইল ইন্টারনেট ও ডাটা এজ (এনহ্যান্সড ডাটা রেট ফর গ্লোবাল ইভলউশন)। গত ১৯ সেপ্টেম্বর থেকে এজ সার্ভিস চালু হয়েছে।

এজ হল জিপিআরএস বা জেনারেল প্যাকেট রেডিও সিস্টেমের পরবর্তী ধাপ এবং একটি তৃতীয় প্রজন্মের মোবাইল ফোন প্রযুক্তি। বর্তমানে ঢাকা ও চট্টগ্রামে শহরের গ্রামীণফোন গ্রাহক এই সুবিধা ব্যবহার করতে পারছেন। চলতি বছরের শেষ নাগাদ দেশের অন্যান্য অঞ্চলেও এজ কাভারেজ সম্প্রসারিত করা হবে।

এজ কি

এজ হলো জিপিআরএসের চেয়ে আধুনিক একটি সার্ভিস। এজের পূর্ণরূপ হলো, এন্‌হ্যান্সড্ ডেটা রেটস ফর গ্লোবাল ইভ্যলিউশন্। এজ তাৎপর্যপূর্ণভাবে জিএসএম সার্ভিসের ডেটা ট্রান্সফার বাড়াতে সক্ষম। ৩য় প্রজন্মের মোবাইল নেটওয়ার্কের এই রেডিও সিগন্যালিং ব্যবহার করে অপারেটর জিপিআরএসের চেয়েও তিন গুণ বেশি ডেটা হ্যান্ডেল করতে পারবে। উচ্চতর গতির ডেটা ট্রান্সফারের জন্য এজ প্রযুক্তি ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়নের অংশ হিসেবে গৃহীত হয়েছে।

এজ দিয়ে যা করা যায়

এজের সুবিধাগুলো জিপিআরএসের মতোই। এজ ব্যবহার করে একজন গ্রাহক খুব সহজে মোবাইল ফোনে ইন্টারনেট ব্রাউজ করতে পারবেন। গ্রাহক তার অফিস বা পার্সোনাল ই-মেইল একাউন্টের সঙ্গে সংযোগ রক্ষা করতে পারবেন। এ ছাড়া মাল্টিমিডিয়া মেসেজিং আদান-প্রদান করাও যাবে এই প্রযুক্তি ব্যবহার করে। রিংটোন, গ্রাফিক্স, গেম, ভিডিও ক্লিপ, পিকচার প্রভৃতি ডাউনলোড করা এবং অনলাইনে গেমও খেলা যাবে। এ ছাড়া পোর্টস আপডেট, নিউজ হেডলাইন কিংবা শেয়ারবাজারের খবরাখবর, ইনস্যান্ট মেসেজিং, চ্যাটিং, বড় আয়তনের যেকোনো ডেটা এক্সেসের ক্ষেত্রেও এজ ব্যবহার করা যাবে।

মাল্টিমিডিয়া মেসেজিং ব্যবহার করে গ্রাহক পিকচার, সাউন্ড, অডিও, ভিডিও ক্লিপস্, এনিমেশন, ইমোশন ইত্যাদি বৈচিত্র্যময় অপশনগুলো ব্যবহার করে তার মেসেজগুলোকে নিজের মতো করে সাজাতে পারবেন। এ ছাড়া গ্রাহকরা চাইলেই মোবাইলের মাধ্যমে ছবি বিনিময় করতে পারবেন। চাইলে ভিডিও ফাইলও পাঠাতে পারবেন। আর এগুলো ইন্টারনেট থেকে ডাউনলোডের সুবিধা তো থাকছেই।

এজ ব্যবহারের জন্য যা প্রয়োজন

এসএমএস পাঠাতে বা রিসিভ করতে এবং ভিডিও অডিও ক্লিপ, লোগো, এনিমেশন ডাউনলোড করতে একটি জিপিআরএস বা এজ সাপোর্টেট মোবাইল সেট প্রয়োজন হচ্ছে।

বর্তমানে গ্রামীনফোনের গ্রাহকরা এজ ব্যবহার করে ইন্টারনেট সার্ফিং (ইয়াহু, গুগল ইত্যাদি) এবং ই- মেইল, এমএমএস পাওয়া এবং পাঠানো (পিকচার, সাউন্ড, ভিডিও ক্লিপ ও টেক্সট) এবং এনিমেশন, ভিডিও ক্লিপ, সাউন্ড, গান, রিংটোন ও কালার লোগো ডাউনলোড করার সুবিধা গ্রহণ করতে পারবেন।

মোবাইল প্রযুক্তির উৎকর্ষের ধারা

১ম প্রজন্ম	২য় প্রজন্ম	২.৫ প্রজন্ম	৩য় প্রজন্ম
এনালগ ভয়েস	ডিজিটাল ভয়েস জিএসএম সিডিএমএ এসএমএস	এমএমএস ইন্টারনেট/ ইন্ট্রানেট ওয়াপ জিপিআরএস	রিয়েল টাইম মাল্টিমিডিয়া হাইস্পিড ইন্টারনেট ভিডিও কনফারেন্সিং লোকেশন বেইজড্ সার্ভিস

বিলিং

এজ প্রযুক্তিতে গ্রাহককে বিল দিতে হবে ডেটা ভলিউমের ওপর ভিত্তি করে। কোনো জরুরি ই-মেইল বা এমএসএম পাওয়ার জন্য সব সময় ফোনের সঙ্গে এজ সংযোগ সক্রিয় রাখতে পারেন। কিন্তু এজন্য কোনো বিল দিতে হবে না।



'জিপিআরএস সার্ভিসে মাল্টিমিডিয়া মেসেজিং এবং ইন্টারনেট অন্তর্ভুক্ত থাকবে। বাংলাদেশে একটেলই সর্বপ্রথম গ্রাহকদের এই সেবা দিচ্ছে'

-মোঃ আমিনুল ইসলাম বেগ

সিনিয়র সিস্টেম এনালিস্ট, একটেল

দু ধরনের প্যাকেজ এজ্ সেবা পাওয়া যাচ্ছে। প্রথম প্যাকেজে ব্যবহার অনুযায়ী চার্জ প্রদান করতে হবে। এই প্যাকেজটি পোস্ট-পেইড এবং প্রি-পেইড উভয় ধরনের গ্রাহকের জন্যই প্রযোজ্য। এর জন্য কোন মাসিক ফি প্রদান করতে হবে না। ইন্টানেট ব্যবহার/ডাইনলোডের জন্য চার্জ দিতে হবে। কনটেন্ট ডাউনলোডের ক্ষেত্রে কনটেন্ট এবং ডাউনলোড উভয়ের জন্যই চার্জ প্রযোজ্য হবে। এই প্যাকেজ প্রতি কিলোবাইট ব্রাউজ করতে ০.০২ টাকা (২ পয়সা) চার্জ দিতে হবে।

দ্বিতীয় প্যাকেজটি শুধু পোস্ট- পেইড গ্রাহকগণের জন্য প্রযোজ্য। এই প্যাকেজের গ্রাহকগণ ১০০০ টাকা মাসিক ফি দিয়ে পুরো মাস ইন্টারনেট ব্রাউজ করতে পারবেন। তবে কোনো কনটেন্ট ডাউনলোড করলে তার জন্য চার্জ দিতে হবে।

সকল গ্রামীনফোনের গ্রাহক (পোস্ট-পেইড এবং প্রি-পেইড) আগামী ৩০ সেপ্টেম্বর ২০০৫ পর্যন্ত কোন চার্জ ছাড়াই এজ ব্যবহার করতে পারবেন।

এজ সার্ভিস সম্পর্কে গ্রামীণফোনের জেনারেল ম্যানেজার (তথ্য) সৈয়দ ইয়ামিন বখ্ত বলেন, 'গ্রামীণফোন সব সময়ই গ্রাহকদের নতুন ও যুগোপযোগী সেবা দিতে সচেষ্ট। সেই ধারাবাহিকতায় চালু হয়েছে এজ সার্ভিস।'

এজ চালু হলে বাংলাদেশের আইসিটি খাত একটি নতুন স্তরে প্রবেশ করবে এবং গ্রামীণফোনের কাভারেজভুক্ত এলাকার মধ্যে সর্বত্র মানুষকে ইন্টারনেট ব্যবহারের সুযোগ দিয়ে মোবাইল ফোন ডিজিটাল ডিভাইড হ্রাস করার ক্ষেত্রে প্রধান হাতিয়ারে পরিণত হবে।

তিনি আরও বলেন, 'বর্তমানে বাংলাদেশের শতকরা ১ ভাগেরও কম মানুষের ইন্টারনেট ব্যবহারের সুযোগ আছে, গ্রামীণফোনের এজ সেবা ইন্টারনেট ব্যবহারের সুযোগ বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। গ্রামীণফোন ইতিমধ্যেই টেলিযোগাযোগ সুবিধাকে ৪০ লাখেরও বেশি মানুষের হাতের মুঠোয় নিয়ে এসেছে। এখন এজ প্রযুক্তি মাধ্যমে ইন্টারনেটও পৌঁছে যাবে গ্রামের মানুষের কাছে।

শেষ কথা

এজ ও জিপিআরএস প্রযুক্তির সূচনা বাংলাদেশের তথ্যপ্রযুক্তি খাতকে অনেক এগিয়ে নিয়ে যাবে। পাশাপাশি বাংলাদেশের প্রতিটি প্রান্তেই পৌঁছে দেবে ইন্টারনেটের প্রযুক্তির সুফল। পাশাপাশি দেশের ইন্টারনেটের বিকাশকে ও ত্বরান্বিত করবে এজ ও জিপিআরএস। আর মোবাইল ব্যবহারকারীরাও হয়ে উঠবে আরও বেশি স্মার্ট ও কর্মক্ষম।

সুস্থ খাসির মাংস

খাসি ভেবে বকরীর মাংস L¡"Qb না তো? বিয়ে, জন্মদিন কিংবা অন্য যে কোনো অনুষ্ঠানের জন্য আমরা নিজস্ব খামারে, আধুনিক পরিচর্যায় বেড়ে ওঠা সুস্থ খাসির মাংস সরবরাহ করে থাকি। নিশ্চয়তা রয়েছে স্বাস্থ্যসম্মত মাংসের। প্রয়োজনে আপনার সামনে জবাই করে দেয়া হবে।

ব্ল্যাক বেঙ্গল গোট ফার্ম

ফোন : ৯১১৩৭৭১